

CBSE Sample Question Paper  
Class - XII (2012)  
BENGALI (CODE - 105)

Time - 3 hours

M.M. - 100

- i) Please check that this question Paper contains 4 printed pages.
- ii) Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer book by the candidate.
- iii) Please check that this question paper contains 13 questions.
- iv) Please write down the serial number of the question before attempting it.
- v) 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10:15am. From 10.15am to 10.30 am, the student will read the question paper only and will not write any answer on the answer script during this period.

SECTION - A

1. ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন একটির পাঁচটি উদাহরণ সহ সংজ্ঞা লেখ। 5+5=10  
ক) সমীভবন  
খ) স্বরভক্তি  
গ) অভিশ্রুতি

2. যে কোন দুইটি অলংকারের উদাহরণ সহ সংজ্ঞা লেখ :- 5+5=10  
ক) উপমা  
খ) শ্লেষ  
গ) সমাসোক্তি

অথবা

অলংকার নির্ণয় কর এবং সংজ্ঞা লেখ (দুইটি) :-

- ক) কাজলের মতো কালো কুন্তল পড়েছে বুলে ।  
খ) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাবলে ।  
গ) বিদ্যুৎ বালা সম চমকি  
উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে  
ঘ) শুনিতেছি আজ আমি প্রাতে উঠিয়াই  
আয় আয় কাঁদিতেছে তেমনি-সানাই ।  
ঙ) পাইয়া চরণ তরি, তরি হবে আশা ।
3. যে কোন পাঁচটি বাগ্ধারার অর্থ লিখে বাক্য রচনা কর :- 10  
আকাশ থেকে পড়া, গভীর জলের মাছ, অন্ধকারে ঢিল ছোঁড়া, মাক্তার আমল, হ-য-ব-র-ল, অন্ধের  
যষ্ঠি, চোখে চোখে রাখা, খাল কেটে কুমীর আনা ।

SECTION - B

4. শিরোনাম দিয়ে অনুচ্ছেদটির সারাংশ লেখ :- 2+8=10  
বিদ্যা-বিস্তারের কথা যখন ঠিকমত মন দিয়া দেখা তখন তাহার সর্বপ্রধান ধারাটা এই দেখিতে পাই যে, তাহার বাহনটা ইংরাজী। বিদেশি মাল জাহাজে করিয়া শহরের ঘাট পর্যন্ত আসিয়া পৌঁছিতে পারে, কিন্তু সেই জাহাজটিতেই করিয়া দেশের হাটে হাটে আমদানি রপ্তানি করাইবার দুরাশা মিথ্যা। যদি বিলিতি জাহাজটিকেই কায়মনে আঁকড়াইয়া ধরিতে চাই তবে ব্যবসা শহরেই আটকা পড়িয়া থাকে। জার্মানিতে, ফ্রান্সে, আমেরিকায় এবং জাপানে যে সকল আধুনিক বিশ্ববিদ্যালয় জাগিয়া উঠিয়াছে, তাহাদের মূল উদ্দেশ্য সমস্ত দেশের চিত্তকে মানুষ করা। দেশকে তারা সৃষ্টি করিয়া চলিতেছে। বীজ হইতে অঙ্কুরকে, অঙ্কুর হইতে বৃক্ষকে তাহারা মুক্তি দান করিতেছে। মানুষের বুদ্ধি বৃত্তিকে চিত্তবৃত্তিকে উদঘাটিত করিতেছে।  
দেশের এই মনকে মানুষ করা কোন মতেই পরের ভাষায় সম্ভব নহে। আমরা লাভ করিব কিন্তু সে লোভ আমাদের ভাষাকে পূর্ণ করিবে না, আমরা চিন্তা করিব কিন্তু সে চিন্তার ভাষা পড়িয়া থাকিবে, আমাদের মন বাড়িয়া চলিবে, সঙ্গে সঙ্গে আমাদের ভাষা বাড়িতে থাকিবে না, সমস্ত শিক্ষাকে অকৃত কার্য করিবার এমন উপায় আর কি হইতে পারে ?

SECTION - C

5. ডেস্কু থেকে নিজেকে রক্ষা করার উপদেশ দিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখ। 4+6=10  
অথবা  
পরীক্ষার জন্য তুমি দিদির বিয়েতে উপস্থিত থাকতে পারবে না, তাই দুঃখ প্রকাশ করে মাকে একটি পত্র লেখ।

গদ্যাংশ

6. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ :- 5  
“আমাদের উৎসবে ভাবের প্রাধান্য -  
বাহিরের সমারোহ তাহার প্রধান অঙ্গ নহে।”  
অথবা  
“আমি যদি খাইতে না পাইলাম তবে সমাজের উন্নতি লইয়া কি করিব।”
7. “তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ” 2+2+2+3=9  
ক) কার লেখা, কোন প্রবন্ধের অন্তর্গত ?  
খ) কে কাকে একথা বলেছে ?  
গ) “তেলা মাথায় তেল দেওয়া” - এই বাক্যাংশটির অর্থ কি ?  
ঘ) এখানে এই বাগধারাটিকে মনুষ্যজাতির রোগ বলা হয়েছে - অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট কর।  
অথবা  
“উক্ত জীবের অবিদ্যার কারণ কি ?” -  
ক) কার লেখা, কোন রচনা থেকে উদ্ধৃত ?

- খ) কোন জীবের কথা বলা হয়েছে ?  
 গ) এই জীবটি কে রবীন্দ্রনাথ কিসের রূপক হিসেবে চিত্রিত করেছেন ?  
 ঘ) রচনাটিতে উক্ত জীবের অবিদ্যার কি কারণ বলা হয়েছে ?

8. “শিক্ষার একেবারে হৃদমুদ” -

- ক) এখানে ‘হৃদমুদ’ কথাটির অর্থ কি ?  
 খ) কার কোন শিক্ষা পদ্ধতিকে এখানে ‘হৃদমুদ’ বলা হয়েছে।  
 অথবা

2+4=6

“যেন একটি বৃহৎ পরিবারের নানা অঙ্গ” -

- ক) কোন প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে ।  
 খ) অংশটির তাৎপর্য আলোচনা কর ।

**পদ্যাংশ**

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ :-

5

মুকুতা ফলের লোভে ডুবেরে অতল জলে  
 যতনে ধীবর।  
 অথবা

দুঃখ সুখ দিবস রজনী  
 মম্বিত করিয়া তোলে জীবনের মহামন্ত্রধ্বনি ।

10. ক) কবি “আঠারো বছর বয়স” বলতে কি বুঝিয়েছেন ?

1+2+3=6

- খ) এই বয়সের দুটি বৈশিষ্ট্য লেখ ।  
 গ) কবি এই বয়সকে এদেশের বৃকে আহ্বান জানিয়েছেন কেন ?  
 অথবা

“এ তিনের ছল সম ছল রে এ কু আশার”

- ক) কার, কোন কু আশার কথা বলা হয়েছে ?  
 খ) এ তিনের ছল কি কি ?  
 গ) এ তিনের ছলকে কবি কু-আশার সঙ্গে তুলনা করেছেন কেন ?

11. “এ বয়স জানে রক্তদানের পুণ্য”

প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য আলোচনা করা ।

4

অথবা

“ওরা কাজ করে” কবিতায় কবি সাম্রাজ্যবাদীদের সম্পর্কে কি লিখেছেন সংক্ষেপে লেখ।

12. “আমি ঘাড় ফিরাইয়া দেখিলাম - ভস্মাচ্ছাদিত বহি” -

2+3+5=10

- ক) আমি কে ?

- খ) এই 'ভাষাচ্ছাদিত বহি' বিশেষিত ব্যক্তিটি কে ? বক্তা তাঁকে কোথায় দেখলেন ?  
গ) তাকে ভাষাচ্ছাদিত বহির সাথে তুলনা করার কারণ কি ?

অথবা

“এমন স্বার্থপর অসজ্জন ব্যক্তি জীবনে স্বল্পই দেখিয়াছি” -

- ক) বক্তা কে ?  
খ) কার সম্পর্কে তাঁর এই উক্তি ? যার সম্পর্কে একথা বলা হয়েছে তার পোষাকের বর্ণনা দাও।  
গ) তার স্বার্থপরতার পরিচয় সংক্ষেপে লেখ।

13. টীকা লেখ (যে কোন একটি) -

5

- ক) ইন্দ্রনাথ।  
খ) মেজদা।  
গ) নিরুদ্দি।  
ঘ) রতন।